মেহেরপুরে আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ২৭তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

গৌরবোজ্জ্বল সংগ্রাম ও সাফল্যের পথ বেয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা আওয়ামীলীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে গড়া সংগঠন বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের ২৭তম বার্ষিকী ও সজীব ওয়াজেদ জয় এর শুভ জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে আলোচনা সভা, কেক কাটা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় শিল্পকলা এলাকায় মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের কার্যালয়ে কেক কাটার মধ্য দিয়ে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান পালিত হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুলের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক মতিউর রহমান মতিন, সদর থানা সেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন সানু, যুগ্ম আহবায়ক মোহম্মদ ওয়াসিম,শহর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি কামাল হোসেন জুয়েল বিশ্বাস, সাধারণ সম্পাদক ইবনে মামুন, সাংগঠনিক সম্পাদক শ্রী কাজল দত্ত মুজিবনগর উপজেলার স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মোঃ বেলাল হোসেন বিপ্লব, সাধারণ সম্পাদক আরিফ শাহসহ বিভিন্ন ইউনিটের সদস্যগণ।

মেহেরপুরে হুসেইন মোহাম্মদ এরশাদ এর ২য় মৃত্যুবার্ষিকীতে

দোয়া মাহফিল

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে হুসেইন মোহাম্মদ এরশাদ এর ২য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা হুসেইন মোহাম্মদ এরশাদ এর ২য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক মোঃ সুমন পারভেজ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সচিব, আব্দুল হাদী।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির সদস্য আব্দুল মান্নান, আনছারুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সভাপতি আরিফ বিল্লাহ, সদর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, সাংগঠনিক সম্পাদক মিঠু আহাম্মেদ সহ উপস্থিত ছিলেন জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পার্টির বিভিন্ন নেতাকর্মীরা।

এই অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় ছিলেন জেলা জাতীয় পার্টির সদস্য হাবিবুর রহমান ও হামিদুল ইসলাম।

মেহেরপুরে বিএনপি নেতা মতিয়ার রহমানের মৃত্যু

মেহেরপুর জেলা বিএনপির উদদেষ্টা সদস্য গোভীপুর গ্রামের বাসিন্দা ও আমঝুপি ইউনিয়নের সহকারী ভূমি কর্মকর্তা নওজেশ আলীর শ্বশুর মতিয়ার রহমান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ১২ টার দিকে তিনি স্ট্রোক করে মেহেরপুর জেনারেল

হাসপাতালে ভর্তি হলে চিকিৎসাধীন অবস্থায় কিছুক্ষন পর মৃত্যুবরণ করেন। তিনি স্ত্রী, ২ ছেলে, ১ মেয়ে, নাতি-নাতনিসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ শুক্রবার সকাল ১০টা ২০ মিনিটে গোভীপুর দাখিল মাদ্রাসা প্রাঙ্গনে জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দাফন করা হবে।

মেহেরপুর শহর আওয়ামীলীগের উদ্যোগে আওয়ামীলীগের ৭২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুর শহর আওয়ামীলীগের উদ্যোগে বাংলাদেশ আওয়ামীলীগের ৭২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। বুধবার সকালে জেলা পরিষদের সামনে

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ এবং সংক্ষিপ্ত আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে বাংলাদেশ আওয়ামীলীগের ৭২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন হয়।

মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসূল, মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্রশাসক ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী প্রমূখ। এসময় সেখানে দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে নেশা করতে নিষেধের জেরে কুপিয়ে ও পিটিয়ে দু’জনকে হত্যা (আপডেট)

মেহেরপুরের মুজিবনগরে নেশা করতে নিষেধ করার জের ধরে উপজেলা স্বেচ্ছাসেবক লীগ নেতাকে কুপিয়ে এবং নেশাসক্ত অভিযুক্তকে গণপিটুনিদিয়ে হত্যার ঘটনা ঘটেছে। শনিবার সকাল সাড়ে ১১ টার উপজেলার যতারপুর গ্রামে এ ঘটনা ঘটে।
নিহতরা হলেন, যতারপুর গ্রামের সবজী ব্যবসায়ী ও মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সাবেক যুগ্ন আহবায়ক ও আব্দুর রশিদের ছেলে সাইদুর রহমান (৩৫) ও একই গ্রামের আবুল হোসেন মন্ডলের ছেলে মাদক সেবী মনিরুল ইসলাম মনি (৩০)।
স্থানীয়রা জানান, মনিরুল ইসলাম এলকার একজন চিহ্নিত মাদকসেবী। সে প্রকাশ্যে মাদক সেবন করতো এবং মানসিক ভারসাম্য ছিল। হাতে সব হাঁসুয়া রাখতো, যে কারণে তার বিরুদ্ধে কেউ কথা বলতে সাহস পেতো না। ঘটনার সময় মনিরুল গ্রামের মাঁচায় বসে প্রকাশ্যে নেশা করছিল। এসময় সাইদুর রহমান তাকে নেশা করতে নিষেধ করে। এনিয়ে দু’জনের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে মনিরুলের হাতে থাকা ধারালো হাঁসুয়া দিয়ে সাইদুরের গলায় কোপ দেয় এবং উপুর্যপুরি কুপাতে থাকে। এতে ঘটনাস্থলেই সাইদুরের মৃত্যু হয়। এ ঘটনার পর স্থানীয়রা মনিরুলকে গণপিটুনি দিলে মনিরুল সেখানেই মারা যায়।
মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম জানান, মনিরুল ইসলাম মনি একজন মাদক সেবী সে রাস্তার পার্শে গাঁজা সেবন করছিলো। গাঁজা সেবনে বাধা দেওয়ায় প্রকাশ্য সাইদুর রহমানকে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করে। এসময় স্থানীয়রা মাদক সেবী মনিরুল ইসলাম মনিকে গণপিটুনি দিয়ে হত্যা করে।
তিনি আরো জানান, দুজনের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে নেয়া হয়েছে। এ ঘটনায় মামলা প্রস্তুতি চলছে।

কাদের মির্জার অনুসারীদের’ হামলায় আহত আ.লীগ নেতা বাদল

নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান মিজানুর রহমান বাদলকে পিটিয়ে জখম করা হয়েছে।

মেয়র আবদুল কাদের মির্জার অনুসারীরা এ হামলা করেছে বলে অভিযোগ উঠেছে। এ সময় হামলাকারীরা বাদলের ব্যক্তিগত গাড়িটি ভাঙচুর করেন।

শনিবার সকাল পৌনে ৯টার দিকে বসুরহাট বাজারের ইসলামী ব্যাংকের সামনে এ ঘটনা ঘটে।

বাদলের সমর্থকদের অভিযোগ, সকালে মেয়র কাদের মির্জা তার ৩০-৩৫ জন অনুসারী নিয়ে বসুরহাট বাজারে মহড়া দিচ্ছিলেন। নিজের ব্যক্তিগত গাড়ি বাদল ও সাবেক ছাত্রনেতা হাসিব আহসান আলাল ঢাকার উদ্দেশে যাচ্ছিলেন। তাদের গাড়িটি বসুরহাট ইসলামী ব্যাংকের সামনে দাঁড়ালে কাদের মির্জার নির্দেশে তার অনুসারীরা বাদল ও আলালের ওপর হামলা চালায়।

এ সময় বাদলের শরীরের বিভিন্ন অংশে জখম ও কানের একটি অংশ ছিড়ে যায়। পরে একজন অটোরিকশাচালক তাকে উদ্ধার করে প্রথমে থানায় ও পরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য বাদলকে ঢাকায় পাঠানো হয়।

এদিকে এ খবর ছড়িয়ে পড়লে উপজেলার পেশকারহাট রাস্তার মাথা, চরএলাহী ও চরফকিরা এলাকায় বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ করেন বাদলের সমর্থকরা।

এ বিষয়ে কথা বলতে মেয়র আব্দুল কাদের মির্জার ব্যক্তিগত মোবাইলে একাধিকবার চেষ্টা করলেও তিনি কল রিসিভ করেননি।

কোম্পানীগঞ্জ থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আবুল কালাম আজাদ যুগান্তরকে জানান, বাদলকে উদ্ধার করে প্রথমে থানায় নিয়ে আসা হয়। তিনি পুলিশকে জানান, আবদুল কাদের মির্জার নির্দেশে তার অনুসারীরা এ হামলা চালিয়েছে। তবে এখনও কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি।

প্রসঙ্গত এর আগে কোম্পানীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীর

মুক্তিযোদ্ধা খিজির হায়াত খান, সাধারণ সম্পাদক নূর নবী চৌধুরীর ওপর হামলা চালানো হয়। নূর নবী চৌধুরী এখনও ঢাকার পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুরে জিয়াউর রহমান এর ৪০তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে ভার্চ্যুয়াল আলোচনা

মেহেরপুরে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীর উত্তম এর ৪০তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার নেতৃবৃন্দদের নিয়ে ভার্চ্যুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে আমঝুপি বাজার সংলগ্ন বিএনপির কার্য্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলায় আয়োজিত ভার্চ্যুয়াল আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দলের জাতীয় স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। ভার্চ্যুয়াল আলোচনা সভায় বক্তারা বলেন, ২৫ মার্চের কালো রাতে বাংলাদেশের মানুষ যখন দিশেহারা এবং নির্দেশনাহীন তখন শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন। তখন আওয়ামী লীগের নেতাদের মধ্যে কেউ ছিলেন ভারতে, কেউ গেছেন জেল খানায়। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের স্বাধীনতার ঘোষণায় মুক্তিকামী মানুষ নির্দেশনা পেয়েছিলেন এবং স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। আবার ৩ নভেম্বরের অভ্যুর্থানে জিয়াউর রহমানকে গৃহবন্দী করে খালেদ মোশাররফ নিজেকে সেনাপ্রধান ঘোষণা করেন। ঐ সময় সিপাহী বিপ্লবের মাধ্যামে জিয়াউর রহমান ক্ষমতায় এসে বাকশালের যাতাকল থেকে দেশের মানুষকে রক্ষা করেছিলেন এবং বহুদলীয় গণতন্ত্র উপহার দিয়েছেন। স্বাধীনতার পর আওয়ামী লীগ ক্ষমতায় এসে গণতন্ত্রকে হত্যা করে এবং লুটেরা অর্থনীতি চালু করেন। সেই সাথে মুক্তিযুদ্ধের চেতনাকে হত্যা করে। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ক্ষমতায় এসে বাংলাদেশী জাতীয়তাবাদ প্রতিষ্ঠা করেন। তিনি ছিলেন একজন সফল রাষ্ট্রনায়কতিনি

বলেন, আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনে গণতন্ত্রের বিজয় হয়েছে, বাংলাদেশেও গণতন্ত্রের বিজয় হবে।

মেহেরপুরে অনুষ্ঠিত ভার্চ্যুয়াল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক (সাবেক সংসদ সদস্য, মেহেরপুর-২) আমজাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সহ-সভাপতি আলমগীর হোসেন ছাতু, ওমর ফারুক লিটন, আব্দুর রউফ, যুগ্ম সাধারণ সম্পাদক প্রফেসর ফয়েজ মহাম্মদ, সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সহ-সাংগঠনিক সম্পাদক রবিউল ইসলাম, বার কাউন্সিলের সদস্য মোঃ মকলেসুর রহমান স্বপন, জেলা বিএনপি নেতা মোস্তাক রাজা, ফরিদ উদ্দিন, জেলা কৃষক দলের সদস্য সচিব মিজানুর রহমান, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক শেখ হুজাইফা ডিকলিয়ার, যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, আব্দুস সালাম, রাজন, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মোঃ স্বপন, সদস্য মনিরুল ইসলাম মনি, ইউসুব আলী, খাইরুল ইসলাম, গাংনী পৌর বিএনপি’র যুগ্ম সম্পাদক খায়রুল আলম, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, সহ-সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দিন, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা ইয়াসিনসহ জেলার বিভিন্ন ইউনিটের ইউনিট প্রধান ও নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জিয়াউর রহমান এর ৪০তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে খাবার বিতরণ ও আলোচনা সভা

মেহেরপুরে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীর উত্তম এর ৪০তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে পথচারীদের মাঝে খাবার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকেলে পৌর ঈদগাহ রোডে অবস্থিত জেলা বিএনপির কার্য্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভায় বক্তারা বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা এবং বহুদলীয় গণতন্ত্র দিয়েছিলেন। বেগম খালেদা জিয়া সংসদীয় গণতন্ত্র দিয়েছেন এবং তারুণ্যের প্রতীক তারেক রহমান নব্য স্বৈরাচারবিরোধী আন্দোলনে নেতৃত্ব দিচ্ছেন। বাংলাদেশে গণতন্ত্র পুনরুদ্ধারে নতুন করে শপথ নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ রাজন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক প্রফেসর ফয়েজ মহাম্মদ, সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, বার কাউন্সিলের সদস্য মোঃ মকলেসুর রহমান স্বপন।

জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনির সঞ্চালনায় ও জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি‘র পরিচালনায় আরও উপস্থিত ছিলেন, জেলা নবীন দলের সাধারণ সম্পাদক, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা ইয়াসিন আলীসহ জেলার বিভিন্ন ইউনিটের ইউনিট প্রধান ও নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভা পরবর্তীতে পথচারী ও স্থানীয়দের মাঝে খাবার বিতরণ করা হয়।

ঘোলা পানিতে মাছ শিকার করতে চাইলে সমুচিত জবাব’

বিএনপিকে হুঁশিয়ার করে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেছেন, আন্দোলনের নামে সহিংসতা সৃষ্টি করে ঘোলা পানিতে মাছ শিকার করতে চাইলে সরকার রাজপথে সমুচিত জবাব দেবে।

তিনি বুধবার সকালে তার সরকারি বাসভবনে নিয়মিত ব্রিফিংয়ে এসব কথা বলেন।

বিএনপি নেতাদের স্মরণ করিয়ে দিয়ে ওবায়দুল কাদের বলেন, সামরিক

উর্দি পরে অস্ত্রের মুখে বিচারপতি সায়েমকে সরিয়ে কে প্রশ্নবিদ্ধ নির্বাচন করে রাষ্ট্রপতি হয়েছিলো? ১৫ ফেব্রুয়ারির ভোটারবিহীন নির্বাচন কোন গণতন্ত্র? বিএনপির গণতন্ত্র ছিল কারফিউ গণতন্ত্র।

বিরোধী দল হিসেবে গণতন্ত্রের বিকাশে বিএনপি কী ভূমিকা রেখেছে জাতি তা জানতে চায় উল্লেখ করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরও বলেন, সম্প্রতি নির্বাচন থেকে সরে যাওয়ার ঘোষণা দিয়ে বিএনপি আবারও প্রমাণ করেছে, তারা গণতন্ত্রে বিশ্বাস করে না।

সড়ক পরিবহন মন্ত্রী আশঙ্কা প্রকাশ করে বলেন, বিএনপি কি নির্বাচনের মাধ্যমে ক্ষমতার পরিবর্তন চায়? তারাতো গণ-অভ্যুত্থানের মাধ্যমে সরকার পরিবর্তনের দুঃস্বপ্ন দেখেছে?

পাপুলের এমপি পদ বাতিলের বৈধতা চ্যালেঞ্জের রিট খারিজ

মানব ও অর্থপাচারের দায়ে কুয়েতের আদালতে দ-প্রাপ্ত লক্ষ্মীপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য কাজী শহিদ ইসলাম পাপুলের এমপি পদ বাতিলের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট সরাসরি খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। মঙ্গলবার বিচারপতি মো. মজিবুর রহমান মিয়া ও বিচারপতি কামরুল হোসেন মোল্লার হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন।

আদালতে রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী রোকন উদ্দিন মাহমুদ ও আইনজীবী মোস্তাফিজুর রহমান খান। অপরদিকে, রাষ্ট্রপক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নওরোজ মো. রাসেল চৌধুরী।

এর আগে গতকাল লক্ষ্মীপুর-২ সংসদীয় আসন শূন্য ঘোষণা ও উপনির্বাচনের তফসিলের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিটের শুনানি শেষ হয়। গতকাল শুনানি শেষে আজ মঙ্গলবার আদেশের জন্য দিন ধার্য করেছিলেন হাইকোর্ট।

এর আগে গত মার্চ মাসে এই আসন শূন্য ঘোষণা ও উপনির্বাচন তফসিলের